

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২৯, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-ত শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১০ তার্ফ ১৪১১/২৫ আগস্ট ২০০৮

এস, আর, ও নং ২৫৬-আইন/২০০৮।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৮৭-আইন/২০০৮, তারিখ ৫ই এপ্রিল, ২০০৮ ইংরেজী মোতাবেক ২২শে চৈত্র ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিস জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য যশোর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৫২৪১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা যশোর জেলার চৌগাছা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৩ই ভদ্র, ১৪১১ বাংলা মোতাবেক ২৮শে আগস্ট, ২০০৮ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি চৌগাছা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

### তফসিল

অর্থিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
(১)	চৌগাছা	চৌগাছা	১৭১	১—৪, ৬—১১৩৭, ২৩৫০, ২৩৫২—২৩৫৪, ১২৫০—১৭৬১, ১৮৫১—২৩২৬, ২৩২৮, ২৩২৯, ২৩৩৩—২৩৩৫, ২৩৩৭—২৩৪৯, ২৩৫১।
(২)	চৌগাছা	চাঁদপুর	১৬৯	০১, ৩—৬, ৮—৩৩৩
(৩)	পাতিবিলা	ইছাপুর	২২৩	১—২১৫, ২৩১—৯৭১
(৪)	পাতিবিলা	পাঁচনামনা	২২৪	১—৭৩৩
(৫)	সুরুপদাহ	কংশারীপুর	১৯৫	১—৬১৫
(৬)	সুরুপদাহ	তারিনীবাস	১৯৬	১—৮০০, ৮০১—৮৮৬

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ হাবিবুর রহমান খান  
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাণ), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।